

- ২। শ্রোতের টান পড়েছে মন্দা, মাঝে দিয়ে ছয়টি বাঁকা,
 ছয়জন আছে প্রতিবাদী ।
 নদীর উজান টানে, অভিমানে, পবনের ঝড় বহে যদি ॥
- ৩। সাধুসঙ্গ বান ডাকে না, অসৎসঙ্গ ভীষণ লোনা'
 নদীতে দিল কোন বিধি ।
 তাইতো ত্রিতাপ-সেতু, দুঃখের হেতু, হয়ে আছে
 বিষম বিরোধী ॥
- ৪। রসিক বলে আমি দুঃখী; আমার আশানদী শতমুখী,
 তাইতে হলেম অপরাধী ।
 হরি হও অনুকূল, ভাসাও দু'কূল, উথলিয়ে প্রেম জলধি ॥
 —রসিক বালা



৫৬ নং

তাল--একতালা

- আমার পরাণে তোমারে কবে বা চাইবে,
 কবে হবে হেন সুমতি ।
 কবে বা চাইবে, এ দু'টো আঁখিতে, দেখিতে মোহন মূরতি ॥
- ১। কবে বা রসনা ডাকিবে শিখিবে, কবে
 নাম নিতে অঙ্গ পুলকিবে,
 স্মরণে, প্রেম অশ্রু নয়নে বহিবে, হৃদয়ে জাগিবে পিরীতি ॥
- ২। কবে দূরে যাবে কুরুচি কু-আশা, ঘুচিবে
 মনের বিষয় লালসা ॥
 কবে তবে তরে আকুল পিপাসা, মরমে হবে নিষ্ঠা রতি ॥